# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মাক্কী বাহিনীর অবস্থান ও শ্রেণীবিন্যাস (موقف الجيش المكى وتنسيقهم)

মাক্কী বাহিনী ৩য় হিজরীর ৬ই শাওয়াল শুক্রবার মদীনার উত্তরে ওহোদ পাহাড়ের কাছাকাছি ‘আয়নায়েন’ (عَيْنَيْن) টীলার নিকটবর্তী স্থানে শিবির সন্নিবেশ করে।[1] তাদের ডান বাহুর অধিনায়ক ছিলেন খালেদ বিন অলীদ এবং বাম বাহুর অধিনায়ক ছিলেন ইকরিমা বিন আবু জাহল। তীরন্দায বাহিনীর অধিনায়ক ছিলেন আব্দুল্লাহ ইবনু রাবী‘আহ এবং পদাতিক বাহিনীর অধিনায়ক ছিলেন ছাফওয়ান বিন উমাইয়া। আবু সুফিয়ান ছিলেন সর্বাধিনায়ক এবং তিনি মধ্যভাগে অবস্থান নেন’ (আর-রাহীক্ব ২৫০-৫১ পৃঃ)।

ফুটনোট

[1]. মুবারকপুরী এখানে সূত্রবিহীনভাবে উল্লেখ করেছেন যে, আসার পথে ‘আবওয়া’ (الْأَبْوَاء) নামক স্থানে পৌছলে আবু সুফিয়ানের স্ত্রী হিন্দ বিনতে উৎবাহ রাসূল (ছাঃ)-এর আম্মা বিবি আমেনার কবর উৎপাটন করার প্রস্তাব করেন। কিন্তু বাহিনীর নেতৃবৃন্দ তার এ প্রস্তাব প্রত্যাখ্যান করেন এর ভয়ংকর পরিণতির কথা চিন্তা করে’ (আর-রাহীক্ব ২৫০ পৃঃ)। ঘটনাটি সূত্রবিহীনভাবে উল্লেখ করা হয়েছে’ (আলী বিন ইবরাহীম, সীরাহ হালাবিইয়াহ (বৈরূত : ২য় সংস্করণ ১৪২৭ হিঃ) ২/২৯৭ পৃঃ)। অতএব বিষয়টি গ্রহণযোগ্য নয়। ‘আবওয়া’ মদীনা থেকে মক্কার পথে ২৫০ কি. মি. দূরে অবস্থিত একটি শহরের নাম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5440

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন